# আন্তর্জাতিক ইসলামী বিশ্ববিদ্যালয় চট্টগ্রাম
# International Islamic University Chittagong

## অনার্স কোর্সসমূহে ভর্তির তথ্যাবলী, শরৎকালীন সেমিস্টার-২০২৪

**Online Application System for Admission through IIUC website: https://www.iiuc.ac.bd**

**Admission Helpline: 01720478621, 01894798994**

১। **আবেদনের সময়:** Online -এ আবেদনপত্র পূরণ ও ফি প্রদান করার শেষ তারিখ: ২৬ মে, ২০২৪

২। **লিখিত ভর্তি পরীক্ষার সময়সূচী (২ ঘন্টা)ঃ**

| Program | Date | Time |
|---|---|---|
| CSE, EEE, ETE, CCE, Civil, EB & ALL | May 28, 2024 | 10:00 AM |
| QSIS, DIS, SHIS, BBA, ELL & Pharmacy | May 29, 2024 | 10:00 AM |

**লিখিত পরীক্ষা শেষে মৌখিক পরীক্ষা অনুষ্ঠিত হবে।**

CSE, EEE, ETE, CCE ও Civil - এই বিষয়গুলোতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের যেকোন একটি বিষয়ে আবেদন করে অন্য বিষয়গুলো পছন্দের ক্রমানুসারে সিলেক্ট করতে হবে এবং QSIS, DIS ও SHIS এই বিষয়গুলোতে ভর্তিচ্ছু শিক্ষার্থীদের যেকোন একটি বিষয়ে আবেদন করে অন্য বিষয়গুলো পছন্দের ক্রমানুসারে সিলেক্ট করতে হবে। ETE ও Civil এ ছাত্রী ভর্তি করা হবে না।

৩। **আবেদনের ন্যূনতম যোগ্যতা:**

ক) CSE, EEE, ETE, CCE ও Civil এর ক্ষেত্রে SSC ও HSC তে আলাদাভাবে ৩.০০ থাকা সাপেক্ষে মোট GPA ৬.৫০। ২০১৯ সালের পূর্বে HSC পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেননা। HSC/**A** Level পরীক্ষায় পদার্থ বিজ্ঞান ও উচ্চতর গণিতে পাশ গ্রেড থাকতে হবে।

খ) Pharmacy এর ক্ষেত্রে SSC/সমমান ও HSC/সমমান পরীক্ষায় আলাদাভাবে GPA ৩.৫০ থাকা সাপেক্ষে মোট GPA ৮.০০। উভয় পরীক্ষায় রসায়ন ও জীববিজ্ঞানে কমপক্ষে **'A'** Grade (GPA 4.00) এবং পদার্থ বিজ্ঞান, উচ্চতর গণিতে **'A-'** Grade (GPA 3.50) থাকতে হবে। **'O'** Level এবং **'A'** Level পরীক্ষায় রসায়ন ও জীববিজ্ঞানে কমপক্ষে **'B'** Grade এবং পদার্থ বিজ্ঞান, গণিতে **'C'** Grade থাকতে হবে। বাংলাদেশ কারিগরি শিক্ষা বোর্ড, উম্মুক্ত বিশ্ববিদ্যালয় ও বিদেশি শিক্ষা প্রতিষ্ঠান থেকে পাসকৃত সনদ বাংলাদেশ ফার্মেসী কাউন্সিল থেকে সমতাকরণ (Equivalence) করে নিতে হবে। ২০২২ ও ২০২৩ সালে HSC/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরাই কেবল আবেদন করতে পারবেন।

গ) BBA, EB ও ELL এর ক্ষেত্রে SSC ও HSC তে আলাদাভাবে ২.৫০ থাকা সাপেক্ষে মোট GPA ৬.০০। ২০১৯ সালের পূর্বে HSC পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেননা।

ঘ) QSIS, DIS, SHIS ও ALL এর ক্ষেত্রে দাখিল/সমমান ও আলিম/সমমান পরীক্ষায় আলাদাভাবে ২.৫০ থাকা সাপেক্ষে মোট GPA ৬.০০। দাওরায়ে হাদিস (তাকমিল) ডিগ্রীধারী হলে ন্যূনতম **'জায়্যিদ'** থাকতে হবে। ২০১৯ সালের পূর্বে আলিম/সমমান পরীক্ষায় উত্তীর্ণ শিক্ষার্থীরা আবেদন করতে পারবেননা।

ঙ) **'O'** Level পরীক্ষায় পাঁচ বিষয় এবং **'A'** Level পরীক্ষায় দুই বিষয় (মেজর) মিলিয়ে মোট সাত বিষয়ের মধ্যে কমপক্ষে চারটি বিষয়ে **'B'** Grade এবং তিনটি বিষয়ে **'C'** Grade থাকতে হবে।

চ) GED গ্রহণযোগ্য নয়।

৪। **ভর্তি পরীক্ষার নম্বর বিন্যাস:**

**QSIS, DIS, SHIS & ALL এর ক্ষেত্রে:**

| Arabic Language | General English | General Knowledge | Viva | Dakhil & Alim GPA | Total |
|---|---|---|---|---|---|
| 60 | 25 | 15 | 10 | 10 | 120 |

**CSE, EEE, ETE, CCE & Civil এর ক্ষেত্রে:**

| Physics | Chemistry | Math | General English | Analytical Aptitude | Viva | SSC & HSC GPA | Total |
|---|---|---|---|---|---|---|---|
| 25 | 15 | 30 | 15 | 15 | 10 | 10 | 120 |

**Pharmacy (Hons.) এর ক্ষেত্রে:**

| Chemistry | Biology | General English | General Knowledge | Viva | SSC & HSC GPA | Total |
|---|---|---|---|---|---|---|
| 30 | 30 | 25 | 15 | 10 | 10 | 120 |

**BBA & EB এর ক্ষেত্রে:**

| Higher Math/ Economics / Accounting & Management | General Math | General English | General Knowledge | Viva | SSC & HSC GPA | Total |
|---|---|---|---|---|---|---|
| 40 | 20 | 25 | 15 | 10 | 10 | 120 |

**English Language & Literature (ELL) এর ক্ষেত্রে:**

| English Language | General Knowledge | Viva | SSC & HSC GPA | Total |
|---|---|---|---|---|
| 85 | 15 | 10 | 10 | 120 |

## ৫। অনলাইনে আবেদনপত্র পূরণ করার নিয়মাবলী:

ক) আগ্রহী প্রার্থীগণকে https://www.iiuc.ac.bd ওয়েবসাইটের home page এ Apply Online -এ click করে অথবা সরাসরি https://www.iiuc.ac.bd/home/apply-online link এ প্রদত্ত ফরমে আবেদন করতে হবে।

খ) প্রকাশিত বিজ্ঞপ্তিটি https://www.iiuc.ac.bd/program/advertisements link এ পাওয়া যাবে।

গ) আবেদনপত্রে (*) চিহ্নযুক্ত তথ্যাবলী আবশ্যিক। যথাযথভাবে আবেদনপত্রটি পূরণ করতে হবে।

ঘ) অনলাইন আবেদনপত্রে পূরণকৃত তথ্য ভর্তি পরীক্ষাসহ পরবর্তী সকল কার্যক্রমে এবং উত্তীর্ণ প্রার্থীদের সার্টিফিকেট প্রদানের ক্ষেত্রে ব্যবহৃত হবে বিধায় অনলাইন আবেদনপত্র Submit করার পূর্বে পূরণকৃত সকল তথ্যের নির্ভুলতা সম্পর্কে প্রার্থীকে শতভাগ নিশ্চিত হতে হবে।

ঙ) অনলাইন আবেদন পত্রে প্রার্থীকে এসএসসি/সমমান ও এইচএসসি/সমমান ট্রান্সক্রিপ্ট, নিজ স্বাক্ষর (দৈর্ঘ্য ৮০ × প্রস্থ ২৫০) pixel এবং রঙিন ছবি (দৈর্ঘ্য ৩০০ × প্রস্থ ২৫০) pixel স্ক্যান করে নির্ধারিত স্থানে সন্নিবেশ (Upload) করতে হবে।

চ) Online -এ আবেদনপত্র যথাযথভাবে পূরণ করে নির্দেশনা অনুসারে প্রার্থীর ছবি ও স্বাক্ষর Upload করে আবেদনপত্র Submit করা সম্পন্ন হলে কম্পিউটারে ছবি ও স্বাক্ষরসহ Application Preview দেখা যাবে। কোন ভুল থাকলে Edit এ click করে ভুল সংশোধন করত হবে। অতপর পুনরায় Submit করতে হবে।

ছ) প্রার্থীকে অনলাইন আবেদনপত্রের Declaration অংশে এই মর্মে ঘোষণা দিতে হবে যে, আবেদনপত্রে প্রদত্ত সকল তথ্য সঠিক এবং সত্য। প্রদত্ত তথ্য অসত্য প্রমাণিত হলে বিশ্ববিদ্যালয় কর্তৃপক্ষ আবেদনপত্র বাতিল করার অধিকার সংরক্ষণ করে। যদি আবেদনকারী ভর্তির জন্য গ্রহণযোগ্য হয় তাহলে বিশ্ববিদ্যালয়েরর সকল নিয়ম ও প্রবিধান মেনে চলার এবং যথাসময়ে সকল ফি এবং চার্জ প্রদান করার অঙ্গীকার হিসেবে **Declaration** অংশে চেক বক্সে click করে রাইট চিহ্ন ☑ দিতে হবে।

## ৬। আবেদন ফিস প্রদানের মাধ্যম: ১। bKash ২। আইআইইউসি একাউন্টস সেকশনে নগদ প্রদান

১. **bKash:** যেকোন মোবাইল নম্বর থেকে বিকাশের মাধ্যমে ০১৯৭৩২০৯০৩০ (Merchant No.) নম্বরে ৫২০ টাকা পে করুন এবং Transaction নম্বরটি সংরক্ষণ করুন। এজন্য প্রথমে *247# ডায়াল করুন, অতপর Payment অপশন বাছাই করুন, অতপর ০১৯৭৩২০৯০৩০ নম্বরটি ইনপুট করুন, অতপর টাকার পরিমাণ ৫২০ ইনপুট করুন, অতপর কাউন্টার নম্বরে ১ ইনপুট করুন। রেফারেন্স নম্বর চাইলে আপনার নাম লিখে দিন। Finally আপনার Pin Number দিন। অতপর আবেদনপত্রের Payment of Application Fee অংশে Payment Method –এ bKash সিলেক্ট করে Transaction Details -এ bKash থেকে এসএমএসের মাধ্যমে পাওয়া Transaction নম্বরটি লিখে Submit করুন।

২. **ACFD, IIUC:** সরাসরি কুমিরা ক্যাম্পাসে এসে IIUC এর Accounts & Finance Division এ নগদ ৫০০ টাকা জমা দিয়ে আবেদনপত্রের Payment of Application Fee অংশে Payment Method -এ Cash সিলেক্ট করে Transaction Details-এ Money Receipt No. এবং Date লিখে Submit করুন।

## ৭। প্রবেশপত্র ও আবেদনপত্র প্রিন্ট:

Submit করা সম্পন্ন হলে আবেদনকারীর মোবাইল নম্বরে একটি এসএমএস যাবে। আবেদনকারীর মোবাইল নম্বর এবং এসএমএসের মাধ্যমে প্রাপ্ত Password ব্যবহার করে home page এ গিয়ে Admit Card ও Admission Form প্রিন্ট করুন এবং সংরক্ষণ করুন।

**৮। ভর্তি পরীক্ষার নির্দেশিকা:** পরীক্ষার দিন প্রিন্ট করা Admit Card এবং Admission Form এর সাথে SSC ও HSC ট্রান্সক্রিপ্টের ফটোকপি সংযুক্ত করে নিয়ে আসতে হবে।

**ভর্তি পরীক্ষার দিন পরীক্ষার্থীদের জন্য ফরমে উল্লেখিত স্থানসমূহ থেকে IIUC এর উদ্দেশ্যে গাড়ী ছাড়বে।**